

স্মারক নং - স্বাপকম/হেলথ-ইকন/HF-Pilot/৫৫৮/২০১১/অংশ-১/২০১২/৭০৯/৮২৪

তারিখ : ০৫/১২/২০১৬ খ্রি:


অফিস আদেশ

মান সম্মত স্বাস্থ্য সেবা কার্যক্রম এর জন্য পাইলটকৃত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মান সম্মত চিকিৎসা কার্যক্রম পরিচালনা ও উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষকে সহায়তা প্রদান, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সংশ্লিষ্টতা বৃদ্ধি এবং স্বাস্থ্য কার্যক্রম পরিচালনায় আর্থিক ও অন্যান্য বাধাসমূহ দূরীকরণে সহায়তার জন্য নিম্নোক্ত “চিকিৎসা ব্যবস্থাপনা কমিউনিটি সাপোর্ট (Community Support) কমিটি” গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

- (ক) পৌরসভা মেয়র - সভাপতি  
(খ) আসনের মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি - সদস্য  
(গ) উপজেলা নির্বাহী অফিসার (UNO) এর প্রতিনিধি - সদস্য  
(ঘ) থানার প্রতিনিধি - সদস্য  
(ঙ) প্রেস ক্লাবের প্রতিনিধি - সদস্য  
(চ) NGO এর প্রতিনিধি - সদস্য  
(ছ) সুশীল সমাজের প্রতিনিধি (UNO কর্তৃক মনোনীত) - সদস্য ৬জন  
(জ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা (UHFPO) - সদস্য সচিব  
\* যে সকল উপজেলা পৌরসভা নয় সেখানে উপজেলা চেয়ারম্যান সভাপতি হবেন।

কমিটির কার্যপরিধি:-

- (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মান সম্মত স্বাস্থ্য সেবা পরিচালনার জন্য বিশেষ করে চিকিৎসার পরিবেশ, পরিষ্কার পরিচ্ছন্নতা, শৃংখলা ও নিরাপত্তা নিশ্চিত করণ কার্যক্রম পরিচালনায় হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।  
(খ) চিকিৎসা সেবার চাহিদা পূরণ ও উন্নয়ন এর লক্ষ্যে সরকারী বরাদ্দের পাশাপাশি স্থানীয় দাতা ও হিতৈষী ব্যক্তি এবং প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট করা এবং তাদের সহায়তায় একটি কমিউনিটি সাপোর্ট তহবিল গঠন এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী পরিচালনা করা।  
(গ) চিকিৎসা সেবার চাহিদা পূরণে সমস্যা চিহ্নিত করা এবং স্থানীয়ভাবে তা সমাধানের লক্ষ্যে পদক্ষেপ গ্রহন।  
(ঘ) কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকে Co-opt করতে পারবে।

  
(মো: আসাদুল ইসলাম)

মহাপরিচালক ও অতিরিক্ত সচিব  
স্বাস্থ্য ও অর্থনীতি ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ... ..  
০২। মেয়র পৌরসভা / উপজেলা চেয়ারম্যান ... ..

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃ:আ: সহকারী পরিচালক)।  
০৩। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।  
০৪। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
০৫। পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা  
০৬। জেলা প্রশাসক  
০৭। পুলিশ সুপার  
০৮। অফিস কপি।